



ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়

কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫
ফোন : ৯১৩১৫৮০, ফ্যাক্স : +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইল : dkibbd@gmail.com, ওয়েব : www.dkib.org

স্মারক নং- ৯০০

তারিখ : ২২/৯/২০১৫

প্রকাশনা নং-০২

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অযোগ্য মহাপরিচালক মোহাম্মদ মহসীন এবং বি.সি.এস কৃষি এসোসিয়েশনের সভাপতি মুহাঃ আনোয়ার হোসেন খান এর অপকর্মের খতিয়ান।

০১। মহাপরিচালক জনাব মোহাম্মদ মহসীন এর নিজ জেলা ব্রাহ্মণবাড়িয়া হওয়া সত্ত্বেও চাকুরীতে প্রবেশের সময় তিনি তথ্য গোপন করে মিথ্যা/বুয়া ঠিকানা তথা ঢাকার ঠিকানা দিয়ে ঢাকার কোঠায় চাকুরী গ্রহণ করেছেন। একজন প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে মিথ্যার আশ্রয় নিয়ে চাকুরী গ্রহণ করে বর্তমানে তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক পদে নিয়োজিত আছেন। তিনি তথ্য গোপনের অপরাধে ২৭(সাতাশ হাজার) জনবল সম্বলিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জন্য কলঙ্কস্বরূপ। অনতিবিলম্বে তাকে মহাপরিচালক পদ থেকে অপসারণ করা প্রয়োজন। তাছাড়া তিনি কোথা কি অপকর্ম করেছেন এবং বর্তমানে কোথায় কি অপকর্ম করছেন এবং ব্যক্তি স্বার্থে সরকারী অর্থ কিভাবে অপচয় করছেন তার খতিয়ান পরবর্তী প্রকাশনা গুলোতে প্রকাশ করা হবে।

০২। বি.সি.এস কৃষি এসোসিয়েশন একটি ঐতিহ্যবাহী সংগঠন বলে আমরা মনে করি। উক্ত সংগঠনের নেতৃত্বদ্বন্দ্ব দীর্ঘদিন যাবৎ অত্যন্ত সুনামের সহিত কার্যক্রম করে কৃষিবিদদের উন্নয়নসহ ডিপ্লোমা কৃষিবিদদের উন্নয়নেও ভূমিকা রেখেছেন। সেসব স্বনামধন্য কৃষিবিদ ইনস্টিটিউশনের নেতৃত্বদের মধ্যে জনাব ডঃ আবদুর রাজ্জাক এমপি, জনাব আব্দুল মান্নান এমপি, জনাব আ ফ ম বাহাউদ্দিন নাছিম এমপি, জনাব মোঃ মোবারক আলী জনাব এস তাসাদেক আহমেদ, জনাব মোঃ খায়রুল আলম খ্রিঙ্গ মহোদয়সহ অন্যান্য দক্ষ কৃষিবিদ নেতৃত্বদ্বন্দ্ব অত্যন্ত সততা ও দক্ষতার সাথে সংগঠন পরিচালনা করে কৃষিবিদদের ও ডিপ্লোমা কৃষিবিদদের উন্নয়ন ও সেতুবন্ধন ঘটিয়েছেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মান সম্মান বৃদ্ধি করেছেন। অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, বর্তমান বি.সি.এস কৃষি ক্যাডার এসোসিয়েশনের সভাপতি জনাব মুহাঃ আনোয়ার হোসেন খান এর মতো একজন সেরা দুর্নীতিবাজ, ঘুষখোর ব্যক্তি ইতিপূর্বে আর কখনও প্রধান নেতৃত্বের আসনে নির্বাচিত হন নাই। তিনি বি.সি.এস কৃষি এসোসিয়েশনের সভাপতি নির্বাচিত হওয়ায় সংগঠনটির মান সম্মান ধুলায় মিশে গেছে। জনাব মুহাঃ আনোয়ার হোসেন খান এর অপকর্মের কিছু খতিয়ান নিম্নে উল্লেখ করা হলো-

মুহাঃ আনোয়ার হোসেন খান, উপপরিচালক (রফতানী), উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা তিনি একজন দুর্নীতিবাজ, ঘুষখোর তথা উৎকোচ গ্রহণকারী ব্যক্তি।


- ❖ তিনি প্রায় ২২(বাইশ) বছর যাবৎ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের শস্য সংরক্ষণ উইং এবং পরবর্তীতে উদ্ভিদ সংগনিরোধ উইং এ কর্মরত আছেন।
- ❖ তিনি বর্তমানে (উপপরিচালক পদে ৬ বছর যাবৎ) উদ্ভিদ সংগনিরোধ উইং এর প্রধান কার্যালয়ে রফতানী শাখার দায়িত্বে আছেন।
- ❖ তিনি বেনাপোল যশোরসহ বিভিন্ন সংগনিরোধ কেন্দ্রে চাকুরি করে সম্পদের পাহাড় গড়ে তুলেছেন।
- ❖ তিনি দেশে এবং বিদেশের বিভিন্ন ব্যাংকে টাকা জমিয়ে ঢাকা শহরের উত্তরা ও শ্যামলীতে একাধিক বাড়ি ও ফ্ল্যাট এবং নামে বেনামে নিজ জেলা মেহেরপুরে গাংনী উপজেলাতে প্রচুর সম্পদের মালিক হয়েছেন বলে জানা যায়।

মহোদয়ের অপকর্ম, দুর্নীতি এবং ঘুষ গ্রহণের আরও চালচিত্র পরবর্তী প্রকাশনা সমূহে প্রকাশ করা হবে।

প্রিয় ডিপ্লোমা কৃষিবিদ ভাই ও বোনেরা,

অতিসম্প্রতি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক একটি নিবর্তনমূলক অফিস আদেশের মাধ্যমে স্মারকলিপি প্রদানকারী ডিপ্লোমা কৃষিবিদদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য কৃষিবিদ কর্মকর্তাদের উস্কানি প্রদান করেছেন। প্রকৃত পক্ষে ডিপ্লোমা কৃষিবিদদের আন্দোলন এবং স্মারকলিপি প্রদান কতিপয় দুর্নীতিবাজ কৃষি কর্মকর্তাদের বিরুদ্ধে। আপনারা কোন অবস্থাতেই দুর্নীতির সাথে আপোষ করবেন না। নির্ধারিত সময়ের মধ্যে স্মারকলিপি প্রদানের কার্যক্রম সম্পন্ন করবেন। কোন প্রকার উস্কানিতে পা না দিয়ে নিষ্ঠার সাথে কৃষকদের সেবার কার্যক্রম অব্যাহত রেখে ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের লক্ষ্যে এবং কতিপয় দুর্নীতিবাজ কৃষি কর্মকর্তার বিরুদ্ধে আন্দোলন চালিয়ে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা ঘোষিত দুর্নীতি বিরোধী কার্যক্রমকে অব্যাহত রেখে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার জন্য আপনাদের প্রতি উদাত্ত আহ্বান জানানো হলো।

আল্লাহ আপনাদের সহায় হউন।


(এ টি এম আবুল কাশেম)

সভাপতি

০১৭১১-৪৮৮৪২৫

বিগ্ধঃ-পরবর্তী প্রকাশনার জন্য অপেক্ষা করুন।

Loc:d/kib-a/dkib office/application